# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ২৮

৪. রাসূলুল্লাহ (ﷺ) এর মাথার চুল বিন্যাস করা (باب ما جاء في ترجل رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ ، قَالَ : حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ ، عَنِ الأَشْعَثِ بْنِ أَبِي الشَّعْثَاءِ ، عَنْ أَبِيهِ ، عَنْ مَسْرُوقٍ ، عَنْ عَائِشَةَ , قَالَتْ : " إِنْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيُحِبُّ التَّيَمُّنَ فِي طُهُورِهِ إِذَا تَطَهَّرَ ، وَفِي تَرَجُّلِهِ إِذَا تَرَجَّلَ ، وَفِي انْتِعَالِهِ إِذَا انْتَعَلَ " .

বাংলা

তিনি ডান দিক থেকে কেশ বিন্যাস করতেন:

২৮. আয়েশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন ওযু করতেন তখন ডান দিক থেকে শুরু করতেন, কেশ বিন্যাস ও জুতা পরিধানের কাজও ডান দিক থেকে আরম্ভ করতেন।[1]

## English

Hazrat Aisha (Radiallahu anha) says, " Sayyidina Rasulullah (Sallallahu alaihe wasallam) liked to begin with the right while combing his hair; while performing ablution (wudhu) and when putting on his shoes. (Also in every other deed, he first began with the right then the left).

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হা/৬৩৯; ইবনে মাজাহ, হা/৪০১; মুসনাদে আহমাদ, হা/২৫৭০৫; মুসনাদে আবু ই'আলা, হা/৪৮৫১।

ব্যাখ্যা

হাদীসে উল্লেখিত বিষয়গুলোই নয়; বরং যেসব কাজে সৌন্দর্য ও মর্যাদা বৃদ্ধি পায়, সেসব কাজ ডান দিকে হতে আরম্ভ করা মুস্তাহাব। যেমন- জামা বা মোজা পরিধান করার সময় ডান দিক থেকে শুরু করা পছন্দনীয়। কারণ এর দ্বারা সৌন্দর্য বৃদ্ধি পায়। এমনিভাবে মসজিদে প্রবেশ করার সময় ডান পা প্রথমে দেবে। কারণ মসজিদে

প্রবেশ করা মর্যাদার বিষয়। আর যেসব কাজে সৌন্দর্য ও মর্যাদা বৃদ্ধি পায় না, সেসব কাজ বাম দিক থেকে আরম্ভ করা মুস্তাহাব। যেমন- পায়খানায় প্রবেশের সময় বাম পা আগে দেয়া, কাপড় ও জুতা খোলার সময় বাম পার্শ্ব হতে খুলা আরম্ভ করা এবং মসজিদ হতে বের হওয়ার সময় বাম পা আগে বের করা। আয়েশা (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসটি মূলনীতি হিসেবে গণ্য হবে।

---

This (beginning from the right) is not confined to the three acts mentioned in this Hadith. Sayyidina Rasulullah (Sallallahu alaihe wasallam) began everything with the right, that is why every other deed' has been added in the translation of the Hadith. The basic rule is, that all those things that reflect dignity and elegance, while putting on these the right is preferred, and when removing them the left is begun with, as when putting on clothes, shoes etc. When one enters the Masjid, one enters with the right foot and leaves with the left foot first, as this is the place of dignity and greatness. Contrary to this, in those things that do not have elegance in them, for instance when entering the toilet.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48942

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন